দৈনিক সংবাদ

তারিখ 13 JAN 1988
পৃষ্ঠা ... কলাম 6

018

চিঠিপত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

বিগত ১০ অক্টোবর'৮৭ হতে শিক্ষকদের লাগাতার কর্মবিরতি এবং ২৭ নভেম্বর'৮৭ হতে সরকারী নির্দেশে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে যায়। চ্যান্সেলর মহোদয়ের আকাঙ্ক্ষাক্রমে শীতকালীন বন্ধ শেষে ভাগিটি কর্তৃপক্ষ শান্তিপূর্ণভাবে যখন বিশ্ববিদ্যালয় খোলার প্রচেষ্টা আরম্ভ করেন ঠিক তখনই দু'দল কায়েমী স্বার্থান্বেষী মহলের সংঘর্ষের পরিপ্রেক্ষিতে উপাচার্য মহোদয় চ, বি, অধ্যাদেশ '৭৩-এর ১৩(৩) নং ধারা বলে অনির্বার্য কারণে বিশ্ববিদ্যালয় পুনরায় বন্ধ ঘোষণা করেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পূর্ব ঘোষিত নির্দেশানুসারে ৭-১-'৮৮ হতে হলসমূহ খুলে দেয়ার কথা। কিন্তু 'দৈনিক সংবাদ'-এর ২২শে পৌষ, '৯৪ বাং সংখ্যা-মোতাবেক গত ৫-১-'৮৮ হতে ছাত্ররা হলে আসা আরম্ভ করেন। এখন প্রশ্ন হলো সংশ্লিষ্ট হল প্রশাসন কিভাবে নির্দিষ্ট সময়ের পূর্বে ঐ সমস্ত ছাত্রকে হলে অবস্থানের অনুমতি দিলেন? কিভাবে তারা (অবস্থানরতরা) অস্ত্র নিয়ে হলে প্রবেশ করলো? হল প্রশাসন নির্দিষ্ট সময়ের পূর্বে আগত ছাত্রদের হলে অবস্থানের অনুমতি না দিলে হয়তঃ বা এ অবাঞ্ছিত ঘটনা সংঘটিত হতো না। আমরা ৬-১-৮৮ ইং-এর ঘটনাটির তদন্ত এবং যথোপযুক্ত ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করছি।

বিশ্ববিদ্যালয় আমাদের জীবন থেকে অনেক মূল্যবান সময় গ্রাস করেছে। এ অবস্থা আর চলতে দেয়া যেতে পারে না।

উপাচার্য মহোদয়, চ, বি, সিণ্ডিকেট, ও চ, বি, শিক্ষক মণ্ডলীর প্রতি বিনীত অনুরোধ আর কালক্ষেপণ নয়, অনতিবিলম্বে সকল নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করে যত দ্রুত সম্ভব (সর্বাধিক এক সপ্তাহ) হল ও ক্লাস আরম্ভ করার যথাযথ পদক্ষেপ গ্রহণ করে আমাদেরকে মানসিকভাবে রক্ষা করুন।

মোঃ শাহজাহান হাফেজ ভূঁইয়া, লোক প্রশাসন বিভাগ, মোঃ নূরুল আমিন, পরিসংখ্যান বিভাগ, মোঃ শাহজাহান, হিসাব বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।